

## কুড়িগ্রাম সরকারী উচ্চ বিদ্যালয়

### ভবন জরাজীর্ণ ছাত্ররা জীবনের ঝুঁকি নিয়ে ক্লাস করছে

কুড়িগ্রাম, ১৮ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- কুড়িগ্রাম সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের প্রধান ভবনটি জরাজীর্ণ হয়ে পড়েছে। ফলে ছাত্রদের জীবনের ঝুঁকি নিয়ে ক্লাস করতে হচ্ছে। ছাত্রদের প্রাণের অনবরত ঝুঁকি পড়েছে। ভবনের বিভিন্ন স্থানে ফাটল ধরেছে। সামান্য বৃষ্টিতেই ছাদ চূঁয়ে পানি পড়ে। এই ভবনের ১২টি কক্ষের মধ্যে, ৮টি কক্ষে ক্লাস বসে। বাকি ৪টি কক্ষের ১টিতে ল্যাবরেটরি, ১টিতে লাইব্রেরি, ১টিতে অফিস রুম ও ১টিতে প্রধান শিক্ষকের অফিসকক্ষ অবস্থিত। কুড়িগ্রাম জেলা শহরে একটি সরকারী মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও এই শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণের যথেষ্ট অভাব রয়েছে। সংখ্যা অনুপাতে চেয়ার, টেবিল, বেঞ্চ ও অন্যান্য আসবাবপত্রের সংখ্যা অপ্রতুল। এছাড়া ছাত্রদের জন্য কোন বিশ্রামাগার নেই। টিফিন বা অবসরের সময় ছাত্রদেরকে যত্রতত্র ঘুরে বেড়াতে হয়। একশ' বছর পূর্তি হতে চলেছে অথচ বিদ্যালয়টিতে আজ অবদি একটি অডিটোরিয়াম নির্মাণ করা হয়নি। যার ফলে ইচ্ছা থাকলেও কোন অনুষ্ঠান করা সম্ভব হয় না। ছাত্রাবাস না থাকায় দূর-দূরান্ত থেকে আগত ছাত্রদের ক্লাস করতে অসুবিধা হয়। এছাড়া সরকারি স্কুল হওয়া সত্ত্বেও শিক্ষকদের জন্য স্কুলের কোন নিজস্ব ভবন নেই।

অপরদিকে সীমানা প্রাচীরের কাজ অর্ধ সমাপ্ত অবস্থায় পড়ে থাকায় বিদ্যালয়ের সম্পদ রক্ষণাবেক্ষণ করা অসুবিধা হচ্ছে। স্কুলের খেলার মাঠটি দীর্ঘদিন থেকে

সংস্কার না করায় সামান্য বৃষ্টিতেই পানি জমে যায়। শ্রেণীকক্ষগুলোতে বিদ্যুৎ সংযোগ না থাকায় পাখার ব্যবস্থা নেই। প্রচণ্ড গরমে ছাত্র ও শিক্ষকদের ক্লাস করতে হয়।

প্রধান শিক্ষকের বাস ভবনটির নির্মাণকাজ অসমাপ্ত অবস্থায় পড়ে রয়েছে। উক্ত ভবনটিতে আজ পর্যন্ত বিদ্যুৎ ও পানির সংযোগ দেয়া হয়নি। সীমানা প্রাচীর না থাকায় সাধারণভাবে বসবাস করা অসম্ভব হয়ে পড়েছে।